স্নাতক (মেজর) পরীক্ষা-২০২৫

মেজর বাংলা (NEP)

সেমেস্টার: ১ কোর্স: MJBENG01

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

সময়: ৩ ঘন্টা পূর্ণমান: ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৯ এবং ১০ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দাও

**একক – ১**

১। সাহিত্যের ইতিহাস রচনার ক্ষেত্রে যুগবিভাগের প্রয়োজনীয়তা নির্দেশ করো। উনিশ শতকে বঙ্গসাহিত্যের ইতিহাস গ্রন্থগুলিতে চর্যাপদ ও শ্রীকৃষ্ণকীর্তনের অনুল্লেখের কারণ কী? দীনেশচন্দ্র সেন 'বঙ্গভাষা ও সাহিত্য' গ্রন্থে কীভাবে যুগবিভাগ করেছিলেন লেখো। ৬+২+৭= ১৫

২। বাংলা সাহিত্যের ইতিহাসে জয়দেবের গীতগোবিন্দ কাব্যের গুরুত্ব আলোচনা করো। ১৫

**একক – ২**

৩। বিদ্যাপতির বাংলা সাহিত্যের অন্তর্ভুক্তির কারণ উল্লেখ করে তাঁর পদাবলির পরিচয় দাও। ৫+১০ =১৫

৪। মঙ্গলকাব্যের সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করে আদি পর্বের একজন কবির রচিত মনসামঙ্গল কাব্যের পরিচয় দাও। ২+৩+১০ = ১৫

**একক – ৩**

৫। ষোড়শ শতকের পদাবলি সাহিত্যের পরিচয় দাও। ১৫

৬। মধ্যযুগের ইসলামি সাহিত্যের প্রধান উদাহরণ আরাকান রাজসভার সাহিত্য— আলোচনা করো। ১৫

**একক – ৪**

৭। ভারতচন্দ্র রায়ের 'অন্নদামঙ্গল' কাব্যের বিষয়বস্তু সংক্ষেপে উল্লেখ করে তাঁর কবিপ্রতিভার পরিচয় দাও। ৫+১০= ১৫

৮। শাক্তপদাবলির আগমনী ও বিজয়া পর্যায়ের পদে তৎকালীন বঙ্গদেশের মর্মের কথা ব্যক্ত হয়েছে— আলোচনা করো। ১৫

৯। টীকা লেখো(যে-কোনো **দুটি**): ২X৫= ১০

(ক) 'গাথাসপ্তশতী'

(খ) কৃত্তিবাস ওঝা

(গ) মুকুন্দরাম চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল'

(ঘ) রামপ্রসাদ সেন

১০। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও(যে-কোনো **পাঁচটি**): ৫X২= ১০

(ক) 'সদুক্তিকর্ণামৃত'-এর সংকলনের সময়কাল এবং সংকলনকর্তার নাম লেখো।

(খ) জয়দেবের দুজন কবিবন্ধুর নাম লেখো যাঁরা রাজা লক্ষ্মণ সেনের সভাকবি ছিলেন।

(গ) 'চর্যাগীতি' ও 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' গ্রন্থ দুটির পুঁথি কবে আবিষ্কৃত হয়?

(ঘ) মহাভারতের আদি অনুবাদক কে? তাঁর অনূদিত গ্রন্থের নাম লেখো।

(ঙ) বৃন্দাবন দাসের মা ও গুরুর নাম লেখো।

(চ) মুকুন্দরাম চক্রবর্তী কোথায় কোন রাজার পৃষ্ঠপোষকতা লাভ করেন?

(ছ) 'কৃপার শাস্ত্রের অর্থভেদ' কত খ্রিস্টাব্দে কোথা থেকে মুদ্রিত হয়?

(জ) অষ্টাদশ শতাব্দীর বৃহত্তম বৈষ্ণব পদসংকলন গ্রন্থ এবং সংকলকের নাম লেখো।

স্নাতক (মেজর) পরীক্ষা ২০২৫

মেজর বাংলা (NEP)

সেমেস্টার: ১ কোর্স: MJBENG02

বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৯ এবং ১০ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক এবং প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। গদ্যকার রামমোহন রায়ের গুরুত্ব আলোচনা করো। ১৫

২। পাঁচালিকার দাশরথি রায়ের রচনার সংক্ষিপ্ত পরিচয় দাও। বাংলা পাঁচালি সাহিত্যের ধারায় তাঁর গুরুত্ব আলোচনা করো। ৭+৮=১৫

একক-২

৩। বাংলা কাব্যের ইতিহাসে রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের গুরুত্ব সম্পর্কে আলোচনা করো। ১৫

৪। বাংলা সামাজিক উপন্যাস রচনায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও। ১৫

একক-৩

৫। রবীন্দ্রকাব্যের গোধূলি পর্যায় বলতে কী বোঝায়? বাংলা কাব্যের ধারাবাহিকতায় রবীন্দ্রকাব্যের এই পর্বের গুরুত্ব আলোচনা করো। ৭+৮=১৫

৬। গণনাট্য কী? কেন একে আন্দোলন বলা হয়? বাংলা থিয়েটারের ইতিহাসে গণনাট্য আন্দোলনের গুরুত্ব আলোচনা করো। ৪+৩+৮=১৫

একক-৪

৭। ব্যক্তিজীবন নিয়ে রচিত সুবোধ ঘোষের প্রবন্ধগুলি আলোচনা করে প্রাবন্ধিকের মানস-বৈশিষ্ট্য তুলে ধরো। ১৫

৮। সমরেশ বসুর ছোটোগল্পে জীবনের যে নানাবিধ সংগ্রামের ছবি ফুটে উঠেছে তার সূত্রে গল্পকার সমরেশের কৃতিত্ব আলোচনা করো। ১৫

৯। টীকা লেখো (যে-কোনো **দুটি**):

(ক) কবিগান

(খ) 'নীলদর্পণ' নাটক

(গ) 'কল্লোল' পত্রিকা

(ঘ) নাট্যকার উৎপল দত্ত

১০। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও:

(ক) 'লিপিমালা' ও 'ইতিহাসমালা'-র প্রকাশকাল উল্লেখ করো।

(খ) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কারের দুটি গ্রন্থের নাম লেখো।

(গ) টেকচাঁদ ঠাকুর কার ছদ্মনাম? তাঁর লেখা একটি গ্রন্থের নাম লেখো।

(ঘ) মধুসূদন দত্তের দুটি কাব্যের নাম প্রকাশকালসহ উল্লেখ করো।

(ঙ) 'সবুজ পত্র' কবে প্রকাশিত হয়? সম্পাদক কে ছিলেন?

(চ) কালানুক্রমে সাজাও: বিষ্ণু দে, নজরুল ইসলাম, রবীন্দ্রনাথ ঠাকুর, সুভাষ মুখোপাধ্যায়

(ছ) নকশাল আন্দোলনের ওপর রচিত দুজন লেখকের দুটি গল্পের নাম লেখো।

(জ) লেখকের নাম উল্লেখসহ উদ্বাস্তুসমস্যাকেন্দ্রিক একটি উপন্যাসের নাম লেখো।

**স্নাতক পরীক্ষা – ২০২৫**
**বাংলা**
**সেমেস্টার: ১ কোর্স SECBENG01**
গ্রন্থ সম্পাদনা

সময়: ২ ঘণ্টা | পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে। ৫ ও ৬ নম্বর প্রশ্নের উত্তর প্রদান আবশ্যিক।

একক-১

১। একজন গ্রন্থ সম্পাদকের কাজ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১২

২। বাংলা বিচল হরফের উদ্ভব ও এই হরফের প্রসারে বিদ্যাসাগরের অবদান বিষয়ে লেখো। ১২

একক-২

৩। বুদ্ধদেব বসু সম্পাদিত ‘আধুনিক বাংলা কবিতা’ গ্রন্থে কবিতার ইতিহাসগত পরম্পরা কীভাবে প্রতিফলিত হয়েছে—আলোচনা করো। ১২

৪। ‘পদরত্নাবলী’র সম্পাদকীয় রীতি আলোচনা করো। ১২

৫। যে-কোনো **দুটি** বিষয়ে টীকা রচনা করো। ২×৫=১০

ক) ব্লার্ব খ) পুথি সম্পাদকের কাজ গ) সম্পাদিত বইয়ে ভূমিকার গুরুত্ব

৬। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও। ৩×২=৬

ক) বাংলা ভাষায় বিচল হরফের ব্যবহার প্রথম কবে কোন গ্রন্থে দেখা যায়?

খ) কাঠখোদাই কাকে বলে?

গ) লাইনো টাইপ কী?

ঘ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কার সম্পাদনায় কবে প্রথম প্রকাশিত হয়েছিল?

**স্নাতক পরীক্ষা – ২০২৫**

**বাংলা**

**সেমেস্টার: ১ কোর্স SECBENG01**

গ্রন্থ সম্পাদনা

(অনুত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের জন্য)

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর দান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে **একটি করে** প্রশ্নের উত্তর দিতে হবে

একক-১

১। বাংলা মুদ্রণের ইতিহাসকে যে-চারটি পর্বে ভাগ করা হয়ে থাকে সেগুলির কালসীমা নির্দেশ করে যে-কোনো একটি পর্ব সম্পর্কে আলোচনা করো । ৫+১০=১৫

২। হ্যালহেডের বাংলা ব্যাকরণ বইটি কবে প্রকাশিত হয় ? বইটি কীভাবে বাংলা মুদ্রণের ইতিহাসের সূত্রপাত ঘটিয়েছিল আলোচনা করো। ১+১৪=১৫

৩। মুদ্রণের ইতিহাসে গুটেনবার্গের ভূমিকা আলোচনা করো। ১৫

একক-২

৪। বাংলা বানানের ঠিক-ভুল নির্ণয় করা কেন বিধেয় এ-বিষয়ে তোমার মতামত দাও। ১৫

৫। ণত্ব বিধানের দুটি নিয়ম উদাহরণসহ লেখো। ষত্ব বিধানের দুটি নিয়ম উদাহরণসহ লেখো। সত্ত্বা, শারীরীক, ভৌগোলীক, পূর্ন, স্নেহাশীষ এই পাঁচটি শব্দের শুদ্ধ বানানে লেখো। ৫+৫+৫=১৫

৬। বাংলা যুক্তাক্ষরের স্পষ্ট রূপ দেওয়ার উদ্দেশ্য কী ছিল উদাহরণসহ আলোচনা করো। ১৫

একক-৩

৭। খাঁটি বাংলা ব্যাকরণের প্রয়োজনীয়তা বিষয়ে তোমার অভিমত দাও। ১৫

৮। ব্যাকরণ চর্চার মূল বিষয়গুলি সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা দাও। ১৫

৯। ভাষাবিজ্ঞানসম্মত ব্যাকরণ কাকে বলে বুঝিয়ে দাও। ১৫

১০। যে-কোনো **তিনটি** বিষয়ে সংক্ষেপে আলোচনা করো: ৩×৫= ১৫

(ক) চার্লস উইলকিনস (খ) কাঠ খোদাই (গ) বাংলা শব্দভাণ্ডার (ঘ) বাংলা অভিধানের গুরুত্ব (ঙ) ব্যাকরণ ও ভাষাতত্ত্বের পার্থক্য (চ) বিধানমূলক ব্যাকরণ

**Four Year Undergraduate Examination 2025 (NEP)**

**Minor Course in Bengali**

**Semester: 1 Course: MNBENG 01A**

**বাংলা বানান, অভিধান ও কনটেন্ট রচনা**

Time: 3 Hours | Full Marks: 80

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লেখিত।

৯ ও ১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক। বাকি প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে। ৮ নং প্রশ্নের উত্তর মূল উত্তরপত্রের সঙ্গে যুক্ত করে দিতে হবে।

একক-১

১। ডিজিটাল কনটেন্ট রাইটিং কাকে বলে? ভালো কনটেন্ট রাইটিং-এর জন্য কনটেন্ট রাইটারের কী কী বিষয়ের উপর গুরুত্ব দেওয়া উচিত? তোমার পছন্দের কোনো একটি বিষয় নিয়ে সমাজ-মাধ্যমের (social media) জন্য ডিজিটাল কনটেন্ট নির্মাণ করো। ২+৬+৭=১৫

২। ঘোস্ট রাইটিং কাকে বলে? এটি নৈতিক না অনৈতিক তা যুক্তি সহকারে লেখো। ঘোস্ট রাইটিং ও plagiarism-এর পার্থক্য লেখো। কনটেন্ট রাইটিং এর একটি প্রকারভেদ হিসেবে পডকাস্ট সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৪+২+৩+৬=১৫

একক-২

৩। অভিধানের বৈশিষ্ট্য ও সংকলন পদ্ধতি সম্পর্কে আলোচনা করো। ১৫

৪। অভিধানের প্রকারভেদ বিষয়ে আলোকপাত করো। ১৫

একক-৩

৫। বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির বর্ণমূল, বর্ণভেদ, উচ্চারণ-প্রতিবেশ ও যুক্তরূপ সূত্রাকারে লেখো। ১৫

৬। বাংলা বানান ভুলের যে-সমস্ত সাধারণ প্রবণতাগুলি দেখা যায়, সেগুলি আলোচনা করো। ১৫

একক-৪

৭। কপি এডিটরকে কি সম্পাদক বলা যায়? তাঁর কার্যাবলি সম্বন্ধে আলোচনা করো। ১৫

৮। প্রশ্নপত্রের সঙ্গে প্রদত্ত প্রুফটি কপির সঙ্গে মিলিয়ে সংশোধন করো। ১৫

৯। টীকা লেখো (যে-কোনো দুটি): ২X৫=১০

ক। You tube ব্লগিং

খ। বিজ্ঞাপনের কনটেন্ট

গ। বঙ্গীয় শব্দকোষ

ঘ। স্বরধ্বনির বর্ণভেদ

১০ যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ৫X২=১০

ক। ডিজিটাল কনটেন্ট রাইটিং-এ হাইপারলিংক কখন ব্যবহার করা প্রয়োজন ও কেন?

খ। মূলত অফবিট পাহাড়ি অঞ্চলে ভ্রমণ করে এরকম দুটি বাংলা ইউটিউব ট্রাভেল ব্লগিং চ্যানেলের নাম লেখো।

গ। প্রথম জাতীয় পুরস্কারপ্রাপ্ত ভারতীয় বিজ্ঞাপন কোনটি?

ঘ। রাজশেখর বসু কর্তৃক সংকলিত অভিধানের নাম কী? এটি কবে সংকলিত হয়েছিল?

ঙ। প্রাচীন ভারতে অভিধানচর্চার ক্ষেত্রে "পর্যায়" বলতে কী বোঝায়? বাংলা ভাষায় অভিধান চর্চার সূত্রপাত কারা করেছিলেন?

চ। কম্পোজিটর ও অপারেটর কাকে বলে?

ছ। হট কম্পোজিশন ও কোল্ড কম্পোজিশন কাকে বলে?

জ। পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি বানান বিধি অনুসারে নীচের শব্দ জোড়ের মধ্য কোন বানানটি ঠিক নির্দেশ করো:

অ। চিহ্ন/ চিহ্ন

আ। বর্নমালা। বর্ণমালা

ই। গৃহীত/গৃহিত

ঈ। বিদেশি/ বিদেশী

...............

**4 Year UndergraduateExam 2025 ( NEP)**
**Multidisciplinary Course in Bengali**
**(For Regular and Back Candidates)**

**Semester :1** **Course: MDBENG021**

Time: 3 Hours Full Marks : 60

(বাংলা ভাষা ও সংস্কৃতি: সংক্ষিপ্ত পরিচয়)

প্রতিটি একক থেকে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ১0 নম্বর প্রশ্নের উত্তর আবশ্যিক

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

একক ১

১) বাংলা ভাষার ক্রমবিকাশ সম্পর্কে একটি নিবন্ধ রচনা করো। ১৫

২) আধুনিক বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য বিষয়ে আলোচনা করো। ১৫

৩) আধুনিক বাংলার সাধু ও চলিত লিখনরীতি উদাহরণসহ বিশ্লেষণ করে বোঝাও। ১৫

একক ২

৪) বাঙালির আড্ডা সংস্কৃতির বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ১৫

৫) বাংলা গানের ইতিহাসে গণসংগীতের গুরুত্ব আলোচনা করো। ১৫

৬) বাংলা চলচ্চিত্রে সত্যজিৎ রায়ের অবদান সম্পর্কে তোমার অভিমত দাও। ১৫

একক ৩

৭) বাঙালির সংস্কৃতির ইতিহাসে পাল ও সেন যুগের অবদান উল্লেখ করো। ১৫

৮) বাঙালির সংস্কৃতিতে বাঙালির গানের ইতিহাসের ধারাটি আলোচনা করো। ১৫

৯) বাঙালির পোশাকের বিবর্তনের ইতিহাস নিজের ভাষায় লেখো। ১৫

১০) টীকা লেখো ( যে-কোনো তিনটি) ৩×৫=১৫

ক) মধ্য ভারতীয় আর্যভাষা

খ) চলিত বাংলা ভাষা

গ) বাঙালির সংস্কৃতি ও বাঙালির খাবার

ঘ) বাঙালির সাহিত্যচর্চায় চর্যাপদ

ঙ) টপ্পা

চ) তথ্যচিত্র

# 4 Year Undergraduate Examination 2025
## Sem :1 Course: AECCBENG01
## Subject- AECC / MIL (Bengali)
## (For regular and Back candidates)

জনপ্রিয় সাহিত্য

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

**Time : 2 Hours** **Full Marks: 40**

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ২×১০ =২০

১। বাংলা জনপ্রিয় সাহিত্যের বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

২। *রামের সুমতি* উপন্যাসে বাংলার সমাজের ছবি কীভাবে উঠে এসেছে আলোচনা করো।

৩। *যকের ধন* উপন্যাসে ভৌগোলিক অবস্থানের গুরুত্ব বিচার করো।

৪। *মনোজদের অদ্ভুত বাড়ি* উপন্যাসে উল্লিখিত একটি ফোটোগ্রাফের গুরুত্ব নিজের ভাষায় লেখো।

৫। *লক্ষ্মণের শক্তিশেল* নাটকে রামের চরিত্র বিশ্লেষণ করো। ( For Back Candidates only)

৬। *ভয়ংকর সুন্দর* উপন্যাসে কাশ্মীরের ভূপ্রকৃতির বিবরণ দাও। ( For Back Candidates only)

৭। যে-কোনো চারটি বিষয়ে টীকা লেখো: ৪×৫=২০

ক) লোকসংস্কৃতি

খ) নারায়ণী চরিত্র

গ) অ্যাডভেঞ্চার কাহিনি *যকের ধন*

ঘ) গোয়েন্দা বরদাচরণ

ঙ) বিজ্ঞানী হারাধন

চ) *ভয়ংকর সুন্দর* উপন্যাসে কাকাবাবু চরিত্র ( For Back Candidates only)

ছ) *লক্ষ্মণের শক্তিশেল* নাটকে হাস্যরস ( For Back Candidates only)

--------------

# Undergraduate Examination, 2025
## Semester-I
## CVAC: Tagore Studies (NEP)
## (For Regular Candidates)

**Time: 3 Hours** **Full Marks: 60**

**দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক**

**১। যে-কোনো পনেরোটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও:** **১৫×১=১৫**

ক) শ্রীনিকেতন প্রতিষ্ঠার ক্ষেত্রে রবীন্দ্রনাথের প্রধান বিদেশি সহায়ক কে ছিলেন?

খ) রবীন্দ্রনাথের মাতার নাম কী?

গ) রবীন্দ্রনাথের কোন দাদা 'স্বপ্নপ্রয়াণ'-এর রচয়িতা হিসেবে সুপরিচিত ছিলেন?

ঘ) রবীন্দ্রনাথের স্বনামে প্রকাশিত প্রথম কবিতাটির নাম কী?

ঙ) রবীন্দ্রনাথের স্ত্রী মৃণালিনী দেবীর বিবাহপূর্ব নাম কী ছিল?

চ) 'শিক্ষাসত্র' কোন সালে প্রতিষ্ঠিত হয়?

ছ) কৃষিকার্যকে সম্মান জানানোর জন্য শ্রীনিকেতনে কোন উৎসব পালিত হয়?

জ) শান্তিনিকেতনের প্রথম বিদেশি ছাত্রের নাম কী?

ঝ) রবীন্দ্রনাথের সত্তর বছর পূর্তি উপলক্ষ্যে প্রকাশিত বাংলা গ্রন্থটির নাম কী?

ঞ) রবীন্দ্রনাথকে সর্বপ্রথম 'বিশ্বকবি' উপাধি কে দিয়েছিলেন?

ট) রবীন্দ্রনাথ 'পূরবী' কাব্যগ্রন্থটি কাকে উৎসর্গ করেছিলেন?

ঠ) রবীন্দ্রনাথের অকালপ্রয়াত কনিষ্ঠ পুত্রের নাম কী ছিল?

ড) রবীন্দ্রনাথের ইংরেজি গীতাঞ্জলির ভূমিকা কে রচনা করেছিলেন?

ঢ) হিন্দি ভবনের প্রথম অধ্যক্ষ কে ছিলেন?

ণ) বিদেশে রবীন্দ্রনাথের প্রথম চিত্রপ্রদর্শনী কোথায় হয়?

ত) 'আজ যেন একেবারে সমস্ত চৈতন্য দিয়া দেখিতে আরম্ভ করিলাম।'— এটি পাঠ্য কোন রচনা থেকে নেওয়া হয়েছে?

থ) ভগবান বুদ্ধ ক্রোধকে কী দিয়ে জয় করার উপদেশ দিয়েছিলেন?

দ) 'বিধাতা ভারতবর্ষের মধ্যে বিচিত্র জাতিকে টানিয়া আনিয়াছেন।'— এটি কোন পাঠ্যাংশের অন্তর্গত?

**২। যে-কোনো তিনটি বিষয়ে টীকা লেখো:** **৩×৫=১৫**

ক) দ্বারকানাথ ঠাকুর খ) রবীন্দ্রনাথের বাল্যশিক্ষা গ) রবীন্দ্রনাথ ও স্বদেশী আন্দোলন ঘ) রবীন্দ্রনাথের পল্লি-পুনর্গঠন ভাবনা ঙ) রবীন্দ্রনাথের নাটক

**৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:** **২×১৫=৩০**

ক) 'প্রভাতসঙ্গীত' পাঠ্যাংশে বর্ণিত সূর্যাস্ত ও সূর্যোদয়ের অভিজ্ঞতা রবীন্দ্র মনে কী প্রভাব ফেলেছিল তা সংক্ষেপে আলোচনা কর।

খ) পৃথিবীকে রবীন্দ্রনাথ কেন ভালোবাসেন পাঠ্য রচনা অবলম্বনে লেখো।

গ) রবীন্দ্রনাথের আশ্রমের শিক্ষাদর্শের পরিচয় দাও।

ঘ) বিশ্বভারতীর প্রধান উৎসবগুলির পরিচয় দাও। এইসব উৎসব পরিকল্পনায় রবীন্দ্রনাথের ভাবনার পরিচয় দাও।

-----------